বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৭৯৩ তারিখঃ ১৪-১২-২০২১

বিষয় ঃ ভল্ট নিরাপত্তা, জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোট বদল এবং ধাতব মুদ্রা বিষয়ক সংরক্ষণ বিষয়ক প্রতিবেদন প্রসংগে।

সূত্র নং- ০১। বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিস, সিলেট, নং-মুদ্রা ঃ ৫৪৭/৬(পরিদর্শন/২০২১-৩৬০১ তারিখঃ ০১ ডিসেম্বর ২০২১।
০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিসিএম সার্কুলার নং-০৪/২০২১, তারিখ ঃ ২৮ সেপ্টেম্বর ২০২১।
০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিসিএম সার্কুলার নং-ইহিশাঃ-২৩(পলিসি)/২০২০-২৯৭৪, ২৭ সেপ্টেম্বর ২০২০।
০৪। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৬৯২ তারিখ ২৮-১১-২০২১
০৫। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৪৪৯ তারিখ ০৫-০১০-২০২১
০৬। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান, কার্যালয়, ঢাকা এর প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২০-২০২১/৫৩৬ তারিখ ৩০-০৯-২০২০

সূত্রস্থ পত্রের মাধ্যমে ভল্ট নিরাপত্তা, জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোট বদল এবং ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া সত্ত্বেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক আকস্মিক পরিদর্শনকালে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় অনিয়ম পরিলক্ষিত হচ্ছে মর্মে অবহিত করা হয়েছে।

০২। সর্বশেষ ৩১-১০-২০২১ তারিখে বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিস, সিলেটের একটি পরিদর্শন দল কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ আকস্মিক পরিদর্শনকালে উক্ত শাখায় বিভিন্ন অনিয়ম পরিলক্ষীত হয় (কপি সংযুক্ত)। উল্লিখিত অনিয়মসমুহের পুনরাবৃত্তি রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ প্রদান করেছেন ।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জসহ সকল শাখাসমূহকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ভল্ট নিরাপত্তা, জনসাধারণের নিকট হতে বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট গ্রহণ এবং উহার বিনিময়মুল্য প্রদান, ধাতব মুদ্রা সংরক্ষণ ও পত্রের সাথে সংযুক্ত উল্লিখিত অনিয়মসমুহ রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

০৪। উপরোক্ত নির্দেশনা শাখাসমুহ কর্তৃক যথাযথ অনুসরণ ও পরিপালন করা হচ্ছে কিনা তা সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে মনিটরিং করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/১২/২০২১
জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ
০১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৭৯৩ তারিখঃ ১৪-১২-২০২১

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ব্যাংকিং বিভাগ (মুদ্রা ও দাবী শাখা) বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিস, সিলেট।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৪/১২/২১
(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

F:Khalafot/Circular

বাংলাদেশ ব্যাংক
সিলেট অফিস
সিলেট-৩১০০
বাংলাদেশ

ব্যাংকিং বিভাগ
(মুদ্রা ও দাবী শাখা)

সূত্র নং-মুদ্রা ঃ ৫৪৭/৬(পরিদর্শন)/২০২১- ৬৮০৭

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 2249 তারিখ: 05.12.21
ডিএমডি— 06
জিএম.......
ডিজিএম.......
ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

ভল্ট নিরাপত্তা এবং জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোট বদল বিষয়ক আকস্মিক পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিসের একটি পরিদর্শন দল কর্তৃক ৩১/১০/২০২১ তারিখে আপনাদের বাংলাদেশ কৃষি ব্যাংক, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ এর উপর এক আকস্মিক পরিদর্শন কার্যক্রম পরিচালিত হয়েছে (প্রতিবেদন সংযুক্ত)। সংযুক্ত প্রতিবেদনে উল্লিখিত অনিয়মসমূহের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ এসব অনিয়মের পুনরাবৃত্তি রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ অফিসকে আগামী ১৫/১২/২০২১ তারিখের মধ্যে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-৩
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৩৭ তারিখ 9/12/2021
বিভাগ GM(ICC)
ডিএমডি-৩

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জামাল উদ্দিন চৌধুরী)
যুগ্মব্যবস্থাপক (কারেন্সি)
মোবাঃ ০১৭১৫-১৪১১১২
ফোন ঃ ৭২৫০১২-১৫/৪৪১৬৫

সংযুক্তি: ০১ (এক)

উমব্য-পরিপালন বিভাগ/নিরীক্ষা বিভাগ/
পরিধারণ বিভাগ/ গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।
মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ
6/12/2021

পরিপালন বিভাগ
জনাব.......
এজিএম / এসপিও / পিও / এসও / অফিসার /.......
১। প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
২। অতীব জরুরী, দ্রুত ব্যবস্থা নিন।
৩। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিন।
৪। আলাপ করুন।
এজিএম ডিজিএম
ডাইরী নং-
তারিখ স্বাক্ষর

বাংলাদেশ ব্যাংক
সিলেট অফিস
সিলেট।

**নগদ ব্যবস্থাপনা, ভল্ট নিরাপত্তা এবং জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোট বদল বিষয়ক আকস্মিক পরিদর্শন প্রতিবেদন।**

নির্বাহী পরিচালক মহোদয়ের ২৪/১০/২০২১ তারিখের অনুমোদনক্রমে এ অফিসের পরিদর্শনদল কর্তৃক গত ৩১/১০/২০২১ তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ-এ ক্যাশ ব্যবস্থাপনা সিস্টেম সংক্রান্ত বিষয়ে (জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোটের বিনিময় মূল্য প্রদানসহ) এক আকস্মিক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। পরিদর্শনকালে নিম্নোক্ত বিষয়াদি পরিলক্ষিত হয়েছে:

১. পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক পরিচয় গোপন রেখে পরিদর্শনের দিন আনুমানিক ১২.৩০-১.০০ ঘটিকার মধ্যে ১০০/- মূল্যমানের ০১ পিস ত্রুটিপূর্ণ (Mutilated) উপস্থাপন করলে কাউন্টারে কর্মরত কর্মকর্তা উক্ত নোটের বিনিময়মূল্য প্রদান করেন কিন্তু কোন রেজিস্টারে ভুক্তি দিতে দেখা যায়নি।

২. নোট সর্টিং সঠিক পদ্ধতিতে হচ্ছে না। পেমেন্টের জন্য কাউন্টারে রক্ষিত ৫০/-, ১০০/-, ২০০/-, ৫০০/- এবং ১০০০/- মূল্যমানের নোট প্যাকেটসমূহ পরীক্ষাকালে পুনপ্রচলনযোগ্য নোট প্যাকেটে প্রচুর পরিমাণ অগোছালো ও বাতিল নোট পাওয়া যায়, যা বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ০৭/১২/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নম্বর ১৪ এ বর্ণিত নির্দেশনার লঙ্ঘন।

৩. ব্যাংক শাখায় সর্বশেষ ২০১৫ সালে এতদ্‌সংক্রান্ত নোট সর্টিং করা হয়েছিল এবং উক্ত নোটসমূহ এখনও ভল্টে সংরক্ষিত রয়েছে। ২০১৫ সালের পর বাতিল এবং ত্রুটিপূর্ণ নোট পৃথকভাবে সংরক্ষণের কোন দালিলিক প্রমাণ পাওয়া যায়নি। এতে প্রতীয়মান হয় যে শাখা কর্তৃক বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ০৭/১২/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নম্বর ১৪ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী এতদসংক্রান্ত নোটের নিয়মিত বিনিময়মূল্য প্রদান করা হয়না। প্রসঙ্গত উল্লেখ্য যে, পরিদর্শনের তারিখ ব্যাংক শাখাটিতে নিম্নবর্ণনা মোতাবেক বতিল ও ত্রুটিপূর্ণ নোট সংরক্ষিত পাওয়া যায়।

| মূল্যমান | নোট সংখ্যা |
|---|---|
| ৳১ | ২৩২ পিস |
| ৳২ | ১১৪ পিস |
| ৳৫ | ১৫,২০০ পিস |
| ৳১০ | ২,০৩০ পিস |
| ৳২০ | ৭৬ পিস |
| ৳৫০ | ৬১ পিস |
| ৳১০০ | ২৬ পিস |
| ৳৫০০ | ০৮ পিস |

৪. নোট প্যাকেটে উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ব্যাংকের নিজস্ব ফ্লাই লিফ সন্নিবেশ করা হচ্ছেনা। ভল্টে রক্ষিত ও গ্রাহকদের প্রদানের জন্য ভল্ট হতে ক্যাশ কাউন্টারে স্থানান্তরিত বিভিন্ন মূল্যমানের একাধিক নোট প্যাকেট অন্য ব্যাংকের ফ্লাইলীফযুক্ত অবস্থায় পাওয়া যায়। অধিকন্তু অন্য ব্যাংকের ফ্লাইলীফযুক্ত পুনপ্রচলনযোগ্য নোটের প্যাকেট গ্রাহকদের প্রদান করতেও দেখা যায় যা বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ডিসিএম পরিপত্র নম্বর- ০১/২০১৫ ও ০৬/২০১৯ এ বর্ণিত নির্দেশনার লঙ্ঘন।

৫. ব্যাংক শাখার ভল্ট ধারণ সীমা ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা। ভল্ট ধারণ সীমার বিপরীতে বিমা আচ্ছাদন রয়েছে মর্মে কোন দালিলিক প্রমাণ পাওয়া যায়নি। অধিকাংশ সময়ই ভল্টে সীমাতিরিক্ত নগদ সংরক্ষণ করা হয় এবং উক্ত সীমাতিরিক্ত নগদ সংরক্ষণের বিপরীতে বীমার কোন প্রমাণাদি শাখা ব্যবস্থাপক প্রদর্শন করতে পারেননি।

৬. ভল্টে প্রবেশ সংক্রান্ত কোন রেজিস্টার সংরক্ষণ করা হয় না মর্মে পরিলক্ষিত হয়। পরিদর্শন দলের উপস্থিতিতে তাৎক্ষণিকভাবে একটি রেজিস্টার খোলা হয়েছে।

৭. ২/= ও ৫/= মূল্যমানের ধাতব মুদ্রা যথাক্রমে ৫,৪৩৯ পিস এবং ২,২৫০ পিস ভল্টে সংরক্ষিত রয়েছে যা বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নম্বর-১২/২০১৫-এ উল্লিখিত নির্দেশনার লঙ্ঘন। প্রসঙ্গত উল্লেখ্য যে, উল্লিখিত পরিপত্রে ব্যাংক শাখার ভল্টে প্রত্যেক মূল্যমান ধাতব মুদ্রা কমপক্ষে ১০,০০০ পিস সংরক্ষণের নির্দেশনা রয়েছে।

৮. জনসাধারণের নিকট হতে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণপূর্বক এর বিনিময়মূল্য প্রদান করা হচ্ছে মর্মে কোন ব্যানার/নোটিশ ক্যাশ কাউন্টারে কোথাও প্রদর্শিত পাওয়া যায়নি যা বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ২৮/১২/২০১১ তারিখের ডিসিএমপিএস (জালনোট): ১০১/২০১১-৭৭৪-৮২০ নম্বর পত্রে বর্ণিত নির্দেশনার লঙ্ঘন।

৯. ভল্টের সিকিউরিটি সিস্টেমের সাথে ব্যাংকের সেন্ট্রাল ইনফরমেশন সিস্টেমের নিরবচ্ছিন্ন সংযোগের ব্যবস্থা চালু রয়েছে মর্মে কোন প্রমাণপত্র শাখা ব্যবস্থাপক দাখিল করতে পারেননি।

১০. ভল্টের অভ্যন্তরে অটোমেটেড ফায়ার এক্সটিংগুইশার পরিলক্ষিত হয়নি। এছাড়া ভল্টে সিকিউরিটি এলার্মের সার্বক্ষণিক ব্যবস্থা রয়েছে মর্মে কোন দালিলিক প্রমাণ পাওয়া যায়নি।

১১. মেঝে ও ছাদসহ ভল্টরুমের চারপাশের নির্মিত দেয়ালের অবকাঠামোগত নিরাপত্তা 'সন্তোষজনক' মর্মে কোনো পুরপ্রকৌশলীর নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহ করা হয়নি যা বিআরপিডি সার্কুলার নম্বর- ০৭/২০১৫ এর নির্দেশনার লঙ্ঘন।

১২. ব্যাংকের ভল্ট ও ক্যাশ কাউন্টারে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কর্মকর্তা/ কর্মচারী/ বহিরাগতদের প্রবেশাধিকার রয়েছে। ভল্ট ও ক্যাশ কাউন্টারে প্রবেশের সময় সংশ্লিষ্ট কর্মকর্তাগণসহ বহিরাগতদের (বিশেষ কারণে প্রবেশের প্রয়োজন হলে) নিজস্ব টাকা পয়সা একটি নির্ধারিত রেজিস্টারে লিপিবদ্ধকরণপূর্বক চেকিং এর মাধ্যমে প্রবেশের ব্যবস্থা নেই।

১৩. ভল্ট রুম হতে নগদ তহবিল ক্যাশ কাউন্টারে স্থানান্তরের সময় রেজিস্টার/সফটওয়্যার ব্যবহার করা হয় না। এমনকি দিনের শুরুতে ভল্ট হতে নগদ তহবিল বের করার পর পুনরায় ভল্ট লক/বন্ধ করা হয় না। পরিদর্শনের সময় ভল্ট খোলা অবস্থায় পাওয়া যায়।

১৪. বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এর ১৮/১১/২০০৭ তারিখের জালনোট: ০১(পলিসি)২০০৭-৩০৯ নম্বর পরিপত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক গ্রাহক কর্তৃক ক্যাশ কাউন্টার হতে টাকা গ্রহণের পর টাকা গুণে/বুঝে নেয়ার পরামর্শ সম্বলিত নোটিশ গ্রাহককদের সহজে দৃষ্টিগোচর কাউন্টারে এমন কোন স্থানে পরিদর্শিত রয়েছে মর্মে পরিদর্শন দলের নিকট পরিলক্ষিত হয়নি।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যাংক শাখাটির ক্যাশ ব্যবস্থাপনা সিস্টেম সন্তেষজনক নয় মর্মে প্রতীয়মান হয়। উল্লিখিত অনিয়মসমূহ নিয়মিতকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যতে এ ব্যাপারে সতর্কতা অবলম্বন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ দেলওয়ার হোসেন)
সহকারী ব্যবস্থাপক

(মোঃ আল জাহান)
উপব্যবস্থাপক (ক্যাশ)